

■ সুনান আন-নাসায়ী (তাহকীকতৃত)

হাদিস নাম্বারঃ ১৩০০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩০১]

পর্ব-১৩: সাতু (ভুল) (كتاب السهو)

পরিচ্ছেদঃ ৫৮: যিকরের পর দু'আ করা

باب الدعاء بعد الذكر

আরবী

أَخْبَرَنَا قُتْبَةُ، قَالَ: حَدَّثَنَا خَلْفُ بْنُ خَلِيفَةَ، عَنْ حَفْصٍ بْنِ أَخِي أَنَّسٍ، عَنْ أَنَّسِ بْنِ مَالِكٍ، قَالَ: كُنْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَالِسًا يَعْنِي وَرَجُلٌ قَائِمٌ يُصَلِّي، فَلَمَّا رَكَعَ وَسَجَدَ وَتَشَهَّدَ دَعَا، فَقَالَ فِي دُعَائِهِ: اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِأَنَّ لَكَ الْحَمْدَ، لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْمَنَانُ بَدِيعُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ، يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ، يَا حَيُّ يَا قَيُومُ إِنِّي أَسْأَلُكَ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِأَصْحَابِهِ: تَدْرُونَ بِمَا دَعَاهُ، قَالُوا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ، قَالَ: وَالَّذِي نَفْسِي بِيَدِهِ، لَقَدْ دَعَاهُ اللَّهُ بِاسْمِهِ الْعَظِيمِ الَّذِي إِذَا دُعِيَ بِهِ أَجَابَ، وَإِذَا سُئِلَ بِهِ أَعْطَى .

تخریج دارالدعوه: سنن أبي داود/الصلاه ٣٥٨ (١٣٩٥)، وقد أخرجه: (تحفة الأشراف: ٥٥١)، مسند احمد ١٥٨، ٣/١٢٠، ٢٢٥ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1301 - صحيح

বাংলা

১৩০০. কুতায়বাহ (রহ.) আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -এর সঙ্গে বসা ছিলাম, অর্থাৎ তখন এক ব্যক্তি দাঁড়িয়ে সালাত আদায় করছিল। যখন সে রূকু সিজদা এবং তাশাহুদ পড়ে দু'আ করতে শুরু করল তখন সে তার দু'আয় বলল

আল্লাহ-হুম্মা ইন্নী আসআলুকা বিআল্লা লাকাল হামদা লা- ইলা-হা ইন্নী আনতাল মান্না-নু বাদী-উস সামা-ওয়া-তি ওয়াল আরয় ইয়া- যাল জালালি ওয়াল ইকর-ম ইয়া- হাইয়ু ইয়া- কইয়ুম ইন্নী আস-আলুকা।”
(হে আল্লাহ! আমি তোমার নিকট প্রার্থনা করছি এই ওয়াসীলায় যে, সমস্ত প্রশংসা তোমারই, তুমি ব্যতীত কোন

সত্য উপাস্য নেই। তুমি পরম অনুগ্রহদাতা, আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টিকর্তা। হে মহিমাময় এবং মহানুভব, হে চিরঝীব অবিনশ্বর! আমি তোমার নিকট প্রার্থনা করছি।।।

তখন নবী (সা.) তাঁর সাহাবীগণকে বললেন, তোমরা কি জান সে কিসের দ্বারা দু'আ করল? তারা বললেন, আল্লাহ এবং তাঁর রসূলই ভালো জানেন। তখন তিনি বললেন, যার হাতে আমার প্রাণ তাঁর কসম! সে আল্লাহর এই মহান নাম দ্বারা দু'আ করেছে যা দ্বারা দু'আ করা হলে তিনি তা গ্রহণ করেন, আর যা দ্বারা কোন কিছু চাওয়া হলে তা তিনি দান করেন।

English

58. Supplication After Remembrance

It was narrated that Anas bin Malik said: I was sitting with the Messenger of Allah (ﷺ) and a man was standing and praying. When he bowed, prostrated and recited the tashahhud, he supplicated, and in his supplication he said: Allahumma inni as'aluka bi-anna lakal-hamd, lailaha illa ant, al-mannanu badi'us-samawati wal-ard, ya dhal-jalali wal-ikram! Ya hayyu ya qayyum! Inni as'aluka. (O Allah, indeed I ask You since all praise is due to You, there is none worthy of worship but You, the Bestower, the Creator of the heavens and earth, O Possessor of majesty and honor, O Ever-living, O-Eternal, I ask of You.)' The Prophet (ﷺ) said: 'Do you know what he has supplicated with?' They said: Allah (SWT) and His Messenger know best. He said: 'By the One in Whose Hand is my soul, he called upon Allah by His greatest Name, which, if He is called by it, He responds, and if He is asked by it, He gives.'

ফুটনোট

সহীহ: আবু দাউদ ১৪৯৫, ইবনু মাজাহ ৩৮৫৮, বুখারী'র “আদাবুল মুফরাদ” ৭০৫, মুসনাদে আহমাদ ১৩৫৯৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87694>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন